রিজেন্ট পার্ক কমিউনিটির কাছে ফিরতি সংক্ষিপ্ত রিপোর্ট: 26 জুন, 2020 তারিখে ড্যানিয়েলস ডিউইস্ট কন্ডোমিনিয়াম নির্মাণকাজের স্থানে ঘটে যাওয়া হেইট ক্রাইমের প্রতিক্রিয়া

বিষয়বস্তু সম্পর্কে সতর্কবাণী

অনুগ্রহ করে লক্ষ্য করুন যে এই সংক্ষিপ্ত রিপোর্টে বর্ণবাদ এবং বর্ণবাদ সংক্রান্ত সহিংসতা বিষয়ক সম্ভাব্য অপ্রীতিকর বিষয়বস্তু নিয়ে আলোচনা করা হয়েছে।

পটভূমি ও প্রসঙ্গ

26 জুন, 2020 তারিখে রিজেন্ট পার্কের ডানড্যাস স্ট্রিট ইস্ট এবং সুমাখ স্ট্রিটের মোড়ে অবস্থিত ড্যানিয়েলস কনস্ট্রাকশন সাইটে একটি ফাঁসির দড়ি ঝুলন্ত অবস্থায় পাওয়া যায়। এই হেইট ক্রাইমের ঘটনার পরবর্তী সপ্তাহে রিজেন্ট পার্ক নেইবারহুড অ্যাসোসিয়েশন (RPNA) এই ঘটনার ব্যাপারে ড্যানিয়েলস' এর প্রতিক্রিয়া সম্পর্কে তথ্য জানানোর অনুরোধ নিয়ে ড্যানিয়েলস এর প্রেসিডেন্ট ও CEO, মিচেল কোহেন এর সাথে যোগাযোগ করে। উপরোক্ত অনুরোধে সাড়া দিয়ে, ড্যানিয়েলস একটি বিস্তারিত রিপোর্ট প্রস্তুত করেছে। এই ডকুমেন্টটি উক্ত রিপোর্টের সারসংক্ষেপ।

ড্যানিয়েলস কিভাবে সিস্টেমিক বর্ণবাদের সাথে মোকাবেলা করছে

কানাডা সহ উত্তর আমেরিকাজুড়ে কৃষ্ণাঙ্গ-বিরোধী বর্ণবাদের ইতিহাস বিবেচনায়, ড্যানিয়েলস অনুধাবন করেছে যে ডিউইস্ট কনস্ট্রাকশন সাইটে ঘটে যাওয়া হেইট ক্রাইমের ক্ষেত্রে আমাদের প্রতিক্রিয়া অবশ্যই বহুমুখী, সহযোগিতামূলক এবং সবচেয়ে গুরুত্বপূর্ণ হলো, চলমান হতে হবে। 26 জুন, 2020 তারিখে ঘটে যাওয়া হেইট ক্রাইম সম্পর্কে প্রতিক্রিয়া জানাতে গিয়ে ড্যানিয়েলস সরাসরি ঘটনাটি নিয়ে কথা বলতে চেয়েছে, কিন্তু সেইসাথে অভ্যন্তরীণ নীতিমালা এবং কর্মপদ্ধতিও বিবেচনায় নিচ্ছে এবং নির্মাণশিল্পের স্টেকহোল্ডারদের সাথে আলোচনায় অংশ নিচ্ছে।

হেইট ক্রাইমের ঘটনার প্রতিক্রিয়া

- **প্রকাশ্য বিবৃতি:** হেইট ক্রাইমের বস্তুটি আবিষ্কৃত হওয়ার কয়েক ঘন্টার মধ্যে ড্যানিয়েলস এর প্রেসিডেন্ট ও CEO মিচেল কোহেন একটি প্রকাশ্য বিবৃতি প্রকাশ করেন। এই প্রকাশ্য বিবৃতিতে মিচেল দ্ব্যর্থহীনভাবে ঘটনাটিকে হেইট ক্রাইম হিসেবে উল্লেখ করে পুনরায় নিশ্চয়তা দেন যে ড্যানিয়েলস কনস্ট্রাকশন সাইটগুলোতে এবং পুরো সংস্থাজুড়ে বর্ণবাদ, পূর্বসংস্কার এবং ঘৃণার ক্ষেত্রে শূন্য-সহনশীলতার নীতি বিদ্যমান রয়েছে।
- **কর্মীদের সবাইকে নিয়ে বৈঠক:** হেইট ক্রাইমটি ঘটে যাওয়ার পরবর্তী প্রথম কার্যদিবসে (সোমবার, 29 জুন, 2020 তারিখে) ড্যানিয়েলস ডিউইস্ট থেকে শুরু করে GTA-জুড়ে বিদ্যমান ড্যানিয়েলস এর সবগুলো নির্মাণ সাইটে যেকোনো কাজ শুরু করার আগে কর্মীদের সবাইকে নিয়ে বৈঠকের ব্যবস্থা করেছে। এই আলোচনার বিষয়বস্তুতে সংঘটিত হেইট ক্রাইমের প্রতি ড্যানিয়েলস এর বিতৃষ্ণার বিষয়টির ওপর জোর দেয়া হয়, আমাদের নির্মাণ সাইটসমূহ এবং আমাদের সংস্থার মধ্যে বর্ণবাদ ও ঘৃণার ক্ষেত্রে শূন্য-সহনশীলতার নীতির কথা জোর দিয়ে বলা হয়, এবং আমাদের বর্ণবাদ ও পূর্বসংস্কারের বিরুদ্ধে অবস্থান নেয়ার প্রতিশ্রুতির কথা পুনরায় নিশ্চিত করা হয়। কর্মীদের সবাইকে নিয়ে আয়োজিত বৈঠকগুলোতে 900 এর বেশি কর্মী উপস্থিত ছিলেন।
- **তদন্ত:** ডিউইস্ট কনস্ট্রাকশন সাইটে হেইট ক্রাইমের বস্তুটি আবিষ্কৃত হওয়ার পর ড্যানিয়েলস অবিলম্বে টরোন্টো পুলিশ সার্ভিসে রিপোর্ট দায়ের করেছে, এবং কর্মস্থলের স্বাস্থ্য ও নিরাপত্তা সম্পর্কে বিশেষ দক্ষতাসম্পন্ন স্বতন্ত্র তৃতীয়-পক্ষ বিশেষজ্ঞদের নেতৃত্বে এর নিজস্ব অভ্যন্তরীণ তদন্ত শুরু করেছে।
- **কমিউনিটি কার্যকলাপে অংশগ্রহণ:** ঘটনার পর থেকেই, ড্যানিয়েলস কৃষ্ণাঙ্গ কমিউনিটির সাথে সংহতি প্রকাশের উদ্দেশ্যে, এবং নির্মাণশিল্পে, এবং বড়মাপে সামাজিক পর্যায়ে সিস্টেমিক বর্ণবাদের প্রতি দৃষ্টি আকর্ষণ করতে কমিউনিটির বাসিন্দাদের আয়োজিত কমিউনিটি ইভেন্টগুলোতে সমর্থন দিয়ে আসছে।

- **সাইটের সাইনবোর্ড এবং চলমান প্রচেষ্টাসমূহ:** ড্যানিয়েলস এর কনস্ট্রাকশন সাইটগুলোতে বর্ণবাদের শিকার হওয়া কর্মীদের বৈষম্য থেকে রক্ষা করতে বাড়তি কিছু পদক্ষেপ গ্রহণ করছে, যার মধ্যে রয়েছে সাইটগুলোতে সব কর্মীর জন্য সুস্পষ্ট বার্তা প্রদান এবং আমাদের প্রকল্পগুলোতে গ্রহণযোগ্য আচরণবিধি সম্পর্কে উন্নত প্রশিক্ষণের ব্যবস্থা করা। অধিকন্তু, ডিউইস্ট এর হেইট ক্রাইম সম্পর্কে বেনামীভাবে যেকোনো তথ্য জানাতে উৎসাহিত করতে আমরা ক্রাইম স্টপার্সকে সহযোগিতা করছি।
- **শিল্পকর্মের মাধ্যমে সামাজিক ন্যায়বিচার এবং স্থানীয় অর্থনৈতিক উন্নয়ন:** শিল্পকর্ম প্রায়শই সামাজিক ন্যায়বিচারের ক্ষেত্রে গুরুত্বপূর্ণ ও দৃষ্টি আকর্ষক সরঞ্জামের ভূমিকা পালন করতে দেখা গেছে। আমাদের স্থানীয় শিল্পকর্ম সংগ্রহ কর্মসূচির অংশ হিসেবে, আমরা রিজেন্ট পার্ক এবং/অথবা ডাউনটাউন ইস্ট এর একজন কৃষ্ণাঙ্গ, আদিবাসী, অশ্বেতাঙ্গ শিল্পী/শিল্পকর্ম সংগ্রাহকের কাছ থেকে শিল্পকর্ম সংগ্রহের সুযোগ সৃষ্টি করেছি যে শিল্পকর্ম ডিউইস্ট এর জনসাধারণের জন্য উন্মুক্ত অফিস লবিতে স্থায়ীভাবে প্রদর্শন করা থাকবে।

সংস্থা-পর্যায়ে প্রতিক্রিয়া

- **বৈষম্য-বিরোধী নীতিমালা:** ড্যানিয়েলস এর কর্মস্থলে সহিংসতা ও হয়রানি সংক্রান্ত নীতিমালা ও কর্মসূচী বিদ্যমান কিন্তু এটি সুনির্দিষ্টভাবে একটি বৈষম্য-বিরোধী নীতিমালাও তৈরি করেছে।
- **অন্তর্ভুক্তি এবং অংশীদার হওয়ার অনুভূতি নিয়ে জরিপ:** ড্যানিয়েলস স্বীকার করে যে পক্ষপাতশূন্য অভ্যন্তরীণ নীতিমালা ও প্রক্রিয়াসমূহ প্রস্তুত করার ক্ষেত্রে ডাটা সংগ্রহ অত্যন্ত গুরুত্বপূর্ণ। এর ফলস্বরূপ, আমাদের পিপল এন্ড কালচার টিম ড্যানিয়েলস এ অন্তর্ভুক্তির বিষয়ে বেসলাইন ডাটা সংগ্রহের জন্য একটি জরিপের ব্যবস্থা করেছে যাতে বৈচিত্র্য, সমতা ও অন্তর্ভুক্তিকে ঘিরে তৈরি নীতিমালা, কর্মপদ্ধতি ও প্রশিক্ষণ, এবং গুরুত্বপূর্ণ কর্মসূচিসমূহ ড্যানিয়েলস এর সবার জন্য উপকারী হয়।
- **নিয়োগ সংক্রান্ত নীতিমালা:** ড্যানিয়েলস এর পিপল এন্ড কালচার টিম একটি নীতিমালা প্রস্তুত করেছে এবং তা বাস্তবায়ন করছে যেখানে নিয়োগদাতা ম্যানেজারদের জন্য নিশ্চিত করা বাধ্যতামূলক যে যেকোনো শূন্যপদের জন্য সাক্ষাতকার গ্রহণের জন্য নির্বাচিত প্রতি তিনজন চূড়ান্ত প্রার্থীদের মধ্যে দুইজন যেন সাম্যতা-প্রার্থী গ্রুপ থেকে হয়।
- **ব্ল্যাক নর্থ উদ্যোগ:** ড্যানিয়েলস ব্ল্যাক নর্থ উদ্যোগে স্বাক্ষর করেছে যেটিতে কৃষ্ণাঙ্গ-বিরোধী সিস্টেমিক বর্ণবাদের বিরুদ্ধে কানাডিয়ান কাউন্সিল অব বিজনেস লিডার্স নেতৃত্ব প্রদান করছে। ব্ল্যাক নর্থ উদ্যোগের লক্ষ্য হলো কৃষ্ণাঙ্গ কানাডিয়ানদের বিরুদ্ধে কৃষ্ণাঙ্গ-বিরোধী সিস্টেমিক বর্ণবাদের চর্চা করা কর্পোরেট কাঠামোর পুনর্গঠন করা এবং শিল্পখাতের প্রধান নেতৃস্থানীয়দের যথাযথ পদক্ষেপ গ্রহণের জন্য দায়বদ্ধ রাখা।
- **ইউনাইটেড ওয়ে অব গ্রেটার টরন্টো - অন্তর্ভুক্তিমূলক স্থানীয় অর্থনৈতিক সুযোগ (ILEO) সংক্রান্ত উদ্যোগ:** ইউনাইটেড ওয়ে ILEO চার্টারেও ড্যানিয়েলস স্বাক্ষর করেছে। ILEO উদ্যোগ GTA এর অর্থনৈতিক সমৃদ্ধির ব্যবধান কমিয়ে আনার উদ্ভাবনী উপায় খোঁজা, এবং প্রতিবেশী পর্যায়ে স্থায়ী অন্তর্ভুক্তিমূলক অর্থনৈতিক সজীবতা সৃষ্টির উদ্দেশ্যে বেসরকারি, সরকারি, কমিউনিটি খাতসমূহ এবং শ্রমশক্তিকে একত্রিত করেছে। ILEO চার্টারের মধ্যে জীবনধারণের উপযোগী পারিশ্রমিক, সামাজিক নিয়োগ, কর্মশক্তির উন্নয়ন এবং অন্তর্ভুক্তিমূলক নিয়োগ প্রক্রিয়া অন্তর্ভুক্ত রয়েছে। ড্যানিয়েলস সহ অন্যান্য স্বাক্ষরকারীদের এই অঞ্চলগুলোতে অগ্রগতির বিষয়ে বার্ষিক প্রতিবেদন পেশ করার কথা বলা হয়েছে।
- **হিউম্যান রিসোর্স সিস্টেম আপগ্রেড:** ড্যানিয়েলস একটি নতুন হিউম্যান রিসোর্স সিস্টেমে বিনিয়োগ করছে যা ডাটা ট্র্যাকিং এবং ব্যবস্থাপনাকে সমৃদ্ধ করবে। সুনির্দিষ্টভাবে বলতে গেলে, নতুন সিস্টেমটিতে জনসংখ্যা বিষয়ক তথ্য এবং অগ্রগতির ডাটা ট্র্যাক করার সক্ষমতা থাকবে।
- **বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তি বিষয়ক প্রশিক্ষণ:** কার্যনির্বাহী দল সহ ড্যানিয়েলস এর সব কর্মচারীর জন্য ড্যানিয়েলস বাধ্যতামূলক অবচেতন পক্ষপাতিত্ব ও প্রশিক্ষণ চালু করছে।
- **বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তি বিষয়ক অন্যান্য উদ্যোগ:** বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তি (DEI) বিষয়ক প্রশিক্ষণের পাশাপাশি ড্যানিয়েলস এর পিপল এন্ড কালচার টিম অভ্যন্তরীণ সংলাপের সুযোগ সৃষ্টির উদ্দেশ্যে বেশ কিছু DEI উদ্যোগ শুরু করেছে, যেমন একটি DEI কমিটি গঠন এবং কর্মচারীদের জন্য DEI ফোরাম।

শিল্পখাতের সমপর্যায়ের ব্যক্তিত্ব ও স্টেকহোল্ডারদের সাথে সংলাপ ও সহযোগিতা

- **রেসিডেনশিয়াল কনস্ট্রাকশন কাউন্সিল অব অন্টারিও (RESCON) এর বর্ণবাদ-বিরোধী উদ্যোগসমূহ:** ড্যানিয়েলস RESCON এর বর্ণবাদ-বিরোধী উদ্যোগসমূহ, যেমন বর্ণবাদ-বিরোধী গোলটেবিল, এবং সর্বত্র বর্ণবাদ-বিরোধী নির্মাণ (CARE) ক্যাম্পেইনে সক্রিয়ভাবে অংশগ্রহণ করছে।
- **টরোন্টো কমিউনিটি বেনিফিটস নেটওয়ার্ক (TCBN):** ড্যানিয়েলস TCBN এর সাথে সিস্টেমিক বর্ণবাদ মোকাবেলা করতে ইচ্ছুক বিভিন্ন উদ্যোগ সম্পর্কে আলোচনায় সম্পৃক্ত আছে, যার মধ্যে সাম্যতা-প্রার্থী গ্রুপ থেকে আসা ব্যক্তিদের জন্য কর্মসংস্থানের সুযোগ সৃষ্টির সেরা উপায় সম্পর্কিত আলোচনা অন্তর্ভুক্ত রয়েছে।
- **ভবন শিল্প ও ভূমি উন্নয়ন সংস্থার (BILD) উস্যোগসমূহ:** ড্যানিয়েলস বৃহত্তর টরোন্টো অঞ্চলের আবাসিক ভবন ও ভূমি উন্নয়ন শিল্পসমূহের প্রতিনিধি BILD এর সাথে সক্রিয়ভাবে আলোচনায় অংশ নিচ্ছে। এই অংশগ্রহণের একটি গুরুত্বপূর্ণ ফলাফল হলো বৈচিত্র্য, সাম্য ও অন্তর্ভুক্তি বিষয়ক একটি কমিটি গঠন করা।

ইংরেজি ভাষায় লভ্য বিস্তারিত রিপোর্টের কপি পেতে অনুগ্রহ করে ড্যানিয়েলস কর্পোরেশন এর ম্যানেজার অব কমিউনিটি পার্টনারশিপস, ফাতিমা সায়ার সাথে ইমেইলে যোগাযোগ করুন এই ঠিকানায়: fsaya@danielscorp.com